



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ০৩.০৫.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগ কর্তৃক আয়োজিত আন্তঃব্যাচ ক্রিকেট টুর্নামেন্ট এবং ম্যাথেমেটিক্স কুইজ কন্টেস্ট-২০১৭ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃব্যাচ ক্রিকেট টুর্নামেন্ট এবং ম্যাথেমেটিক্স কুইজ কন্টেস্ট-২০১৭ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান অন্য ঢ মে ২০১৭ তারিখ দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে অনুষ্ঠিত হয়েছে। গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এই প্রথম কোন পাবলিক বিশ্ববিদ্যালয় (সাধারণ) এর মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়েই সর্বপ্রথম স্নাতকোভর পর্যায়ে (থিসিস গ্রহণ) একাডেমিক সেশন ১৮ মাসে উন্নীত করা হয়েছে, যা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত। বরিশাল বিশ্ববিদ্যালয় আজ এগিয়ে চলছে তার আপন গতিতে। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ইতোমধ্যে বেশ সুনাম কুড়িয়েছে, যা গর্বের বিষয় বটে। উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বলেন আগামী বছর সুবিধাজনক সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে। আমি আশা করছি গনিত বিভাগে স্নাতকোভর পর্যায়ে তোমরা যারা থিসিস গ্রহণে রয়েছ তাদের মধ্যে থেকে একজন এ বিভাগে শিক্ষক হিসেবে যোগদান করবে। আর এ জন্য এখন থেকেই মনোযোগ দিয়ে পড়াশুনা করবে এবং এ বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধিতে নিজেদেরকে আত্মনির্যাগ করবে। শিক্ষার্থীদের অভিভাবকদের ধন্যবাদ জানিয়ে উপাচার্য মহোদয় বলেন অভিভাবকরা তোমাদেরকে এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার ক্ষেত্রে সম্মতি জ্ঞাপন করেছেন বলেই তোমরা আজকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। কাজেই তোমরা তোমাদের পিতা-মাতাকে যথাযথ সম্মান ও শ্রদ্ধা করবে আমি আশা করছি। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রস্তর ও গনিত বিভাগের সহকারী অধ্যাপক মো. শফিউল আলম, গনিত বিভাগের বিভাগীয় শিক্ষকমণ্ডলী, বিভাগীয় ছাত্র উপদেষ্টাবৃন্দ, গনিত বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীবৃন্দ, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগীয় চেয়ারম্যান ইব্রাহিম মোল্লা, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভার কায়চার, উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ম্যাথেমেটিক্স কুইজ কন্টেস্ট-২০১৭ এর বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ী এবং আন্তঃব্যাচ ক্রিকেট টুর্নামেন্ট (ছাত্র/ছাত্রী) এ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মধ্যে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এবং বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে সন্ধ্যা ৬টায় গনিত বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হবে এক মনোভূত সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফরাসুল মাহমুদ রফিমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)